SHAKTI™
নারীর ক্ষমতায়নে শক্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি(এম আর এ)
সনদ নং
০০১৭৬-০০০৫৯-০০০১৮

# শক্তি বার্তা



## সৃজনশীলতায় স্বাবলম্বিতা নারী দিবসে শক্তির বিশেষ প্রদর্শনী





৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস ২০২৬ উপলক্ষে শক্তি ফাউন্ডেশন এক ভিন্নধর্মী আয়োজনের উদ্যোগ গ্রহণ করে। নারীর ক্ষমতায়ন প্রোগ্রাম (WE) সুবিধাবঞ্চিত নারীদের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করে তাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং স্বাবলম্বী হওয়ার পথ সুগম করতে কাজ করছে । এরই ধারাবাহিকতায় সংস্থার প্রধান কার্যালয়ে নারীর ক্ষমতায়ন প্রোগ্রাম (WE)-এর মাধ্যমে প্রশিক্ষণপ্রাপ্ত নারী ও কিশোরীদের সৃজনশীলতায় তৈরি বিভিন্ন পণ্য নিয়ে আয়োজন করা হয় একটি বিশেষ প্রদর্শনীর। প্রদর্শনীতে কুমিল্লার তিতাস উপজেলার কড়িকান্দি ইউনিয়নের নারীদের হাতে তৈরি ব্লক-বাটিক পণ্য, এসিড সারভাইভারদের তৈরি বিভিন্ন ধরনের ব্যাগ এবং ইউসেপ থেকে প্রশিক্ষণপ্রাপ্ত তরুণীদের প্রস্তুত করা সুস্বাদু বেকিং ও কুকিং আইটেম প্রদর্শিত হয়। পাশাপাশি আয়োজনকে আরও প্রাণবন্ত করে তোলে মেহেদী উৎসব। উলেক্ষ্য যে, প্রদর্শনীতে বিক্রিত পণ্যের সম্পূর্ণ অর্থ সুবিধাবঞ্চিত বৃদ্ধাশ্রমের বাসিন্দাদের কল্যাণে এবং বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের বিকাশে ব্যয় করা হবে। নারীর সৃজনশীলতা, দক্ষতা এবং সম্ভাবনাকে সামনে তুলে ধরার পাশাপাশি সমাজের সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোর লক্ষ্যেই এই উদ্যোগ গ্রহণ করা হয়।

## রোজাদারদের সাথে শক্তি ফাউন্ডেশন









শক্তি ফাউন্ডেশনের উদ্যোগে পবিত্র রমজান উপলক্ষে সারা দেশে ব্যাপক ইফতার ও সহায়তা কার্যক্রম পরিচালিত হয়েছে।এ বছর ঢাকার আশেপাশে হেড অফিসের সকল কর্মীদের মাধ্যমে ঢাকা, সাভার, নারায়ণগঞ্জ এবং গাজীপুর এর বিভিন্ন এলাকার পথচারী, মসজিদ-মাদ্রাসা এ মোট ৮ (আট) হাজার জন রোজাদারদের মাঝে ইফতার বিতরণ করা হয়। এদের মধ্যে ছিলো ৬,১০০ জন পথচারী রোজাদার, ৯০০ জন মসজিদের, ১০০০ জন মাদ্রাসা ও এতিমখানার রোজাদার। শক্তি ফাউন্ডেশন সমগ্র বাংলাদেশের ৫৭ টি জেলায় ২৮ টি রিজিওনের ৬২৪ টি শাখা অফিস এবং ৮৯ টি শক্তি মেডিকেল কেয়ার সেন্টারের এর মাধ্যমে ঋণ দান, সঞ্চয় সংগ্রহ, স্বাস্থ্যসেবা প্রদান করা হয়ে থাকে। এই মাঠ পর্যায়ের কর্মীদের মাধ্যমে ২৫,৭১১ জন রোজাদারদের ইফতার করানো হয়। সর্বমোট ৫,১৭৮ জন নিবেদিত কর্মীর সম্মিলিত প্রচেষ্টায় ৩৪,১০২ জন রোজাদারের হাতে ইফতার তুলে দেওয়া সম্ভব হয়েছে, যা শক্তি ফাউন্ডেশনের মানবিক উদ্যোগের একটি উজ্জ্বল দৃষ্টান্ত। এই উদ্যোগ শুধু ইফতার বিতরণের মধ্যে সীমাবদ্ধ নয়; বরং এটি সমাজে সহমর্মিতা, মানবিকতা এবং পারস্পরিক সহযোগিতার একটি শক্তিশালী বার্তা পৌঁছে দিয়েছে। ভবিষ্যতেও শক্তি ফাউন্ডেশন এ ধরনের মানবকল্যাণমূলক কার্যক্রম আরও সম্প্রসারিত করবে এটাই প্রত্যাশা।

## আন্তর্জাতিক নারী দিবস ২০২৬



আন্তর্জাতিক নারী দিবস ২০২৬ উদযাপন উপলক্ষে ধারাবাহিক কর্মসূচির অংশ হিসেবে শক্তি ফাউন্ডেশন ৬১টি নেটওয়ার্ক সংস্থার সাথে যুক্ত হয়ে একটি অবস্থান কর্মসূচিতে অংশগ্রহণ করেছে। শনিবার (৭ মার্চ) সকাল ১০টায় জাতীয় সংসদ ভবন প্রাঙ্গণে আয়োজিত এই কর্মসূচিতে বিভিন্ন উন্নয়ন সংস্থা, নারী অধিকারকর্মী ও সামাজিক সংগঠনের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। কর্মসূচিতে নারী অধিকার, লিঙ্গ সমতা এবং নারীর ক্ষমতায়ন নিশ্চিত করার ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়। সমাজে নারীর মর্যাদা ও সমঅধিকার প্রতিষ্ঠায় শক্তি ফাউন্ডেশন এ ধরনের কার্যক্রমে সক্রিয়ভাবে সম্পৃক্ত থেকে কাজ করে যাচ্ছে।

## আন্তর্জাতিক নারী দিবসে নারীর স্বাস্থ্য সচেতনতায় শক্তির বিশেষ উদ্যোগ





আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে নারীর স্বাস্থ্য সচেতনতার গুরুত্ব তুলে ধরতে শক্তি ফাউন্ডেশনের ২০টি মোবাইল হেলথ ক্লিনিকের মাধ্যমে দেশের ২০টি প্রত্যন্ত অঞ্চলের বিভিন্ন বয়সী নারী ও কিশোরীদের জন্য স্বাস্থ্যসেবা ও সচেতনতা কার্যক্রম পরিচালনা করেছে। এই উদ্যোগে প্রায় ৫০০ জন সেবা গ্রহীতার মধ্যে ৩০০ জন কিশোরী এবং ২০০ জন বিভিন্ন বয়সী নারী ছিলেন। কার্যক্রমে মেনস্ট্রুয়াল হাইজিন (Menstrual hygiene), মাতৃস্বাস্থ্য সেবা এবং অসংক্রামক রোগ (NCD) প্রতিরোধ বিষয়ে স্বাস্থ্য শিক্ষা দেওয়া হয় এবং সুস্থ থাকার উপায় সম্পর্কে আলোচনা করা হয়। পাশাপাশি প্রায় ২০০ জন নারীর বিনামূল্যে উচ্চ রক্তচাপ (Hypertension) ও ডায়াবেটিস (RBS) পরীক্ষা করা হয় এবং প্রয়োজনীয় চিকিৎসা পরামর্শ ও স্বাস্থ্য কাউন্সেলিং প্রদান করা হয়। এছাড়াও শক্তি ফার্মার উদ্যোগে ৬০ জন নারীকে বিনামূল্যে স্যানিটারি ন্যাপকিন এবং তাদের প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়। এই উদ্যোগের মাধ্যমে শক্তি ফাউন্ডেশন তুলে ধরেছে নারীর সুস্বাস্থ্যই একটি সুস্থ পরিবার ও সমৃদ্ধ সমাজ গঠনের ভিত্তি।

## শক্তি ফাউন্ডেশনের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ফয়েজ উদ্দিন মজুমদারের কবিতা



নামঃ মোঃ ফয়েজ উদ্দীন মজুমদার
ইআইএনঃ ০০০৯২
এ্যাসিসটেন্ট জেনারেল ম্যানেজার
ডিপার্টমেন্টঃ ফাইন্যান্স

### কর্ম ও উৎসবের বন্ধনে ৩৪ বছরে শক্তি

সেবার ব্রত নিয়ে মোরা লড়ি অবিরাম,
শক্তি ফাউন্ডেশন আমাদের গর্বের নাম।
ক্ষুদ্রঋণে জাগাই আশা, গড়ি নয়া দেশ,
বৃদ্ধাশ্রমের সেবায় কাটে দুঃখের আবেশ।
সুস্থ শরীর আর সবুজ শহর, আপনার হাতের ছোঁয়া,
ইফতার বিলায় তৃপ্তির হাসি, সবার অন্তরের দোয়া।
সেবার আলোয় রাঙিয়ে তিলক, গড়ছেন আগামী দিন,
আপনার কর্মে ধন্য মানুষ, শোধ হবে না এ ঋণ।
কাজের চাপে ক্লান্তি ভুলে আজ মেতেছি গানে,
৩৪ বছরে শক্তির বর্ষপূর্তিতে আনন্দদেয় মনে।।

## যাকাত ও সহমর্মিতায় শক্তি ফাউন্ডেশনের মানবিক উদ্যোগ



ঢাকা, বরিশাল, রংপুর, যশোর ও রাজশাহী অঞ্চলের ৩৯১ জন দুস্থ, বিধবা, প্রবীণ এবং বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের মাঝে ওষুধ, ঈদের খাদ্যসামগ্রী ও প্রয়োজনীয় নিত্যপণ্য বিতরণ করা হয়। মানবিক সহমর্মিতা ও সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে শক্তি ফাউন্ডেশনের এই উদ্যোগ সমাজের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের পাশে দাঁড়ানোর এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে।

## একনজরে শক্তি ( মার্চ ৩১, ২০২৬)

বিভাগ: ৮
জেলা: ৫৭
জোন: ৪
রিজিয়ন: ২৮
এরিয়া: ১২৮
ব্রাঞ্চ: ৬২৪

সদস্য: ৫,৮৬,৯৫১ জন
ঋণী: ৪,৭২,০২২ জন

সঞ্চয় স্থিতি: ১,৫৮৭ কোটি

ঋণস্থিতি: ৩,৩৪৮ কোটি টাকা

কর্মী সংখ্যা: ৫,২০০ জন

মেডিকেল অ্যাসিস্ট্যান্ট: ৯৮ জন

প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর,পল্লবী,ঢাকা - ১২১৬

+৮৮ ০৯৬১৩-৪৪৪১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

shakti.org.bd
/SFDWbd
/company/sfdwbd

প্রতি মাসে 'শক্তি বার্তা'র অনলাইন কপি পেতে ইমেইল চেক করতে ভুলবেন না।